

Model Question

CLASS X : SCIENCE (PHYSICS) : Term II (oard inal) : 2022 : Marks 1

- I. সঠিক উত্তরটি বাছাই কর :- 1x4
1. তড়িৎচালক বলের একক হলো -
(a) কুলম্ব (b) ভোল্ট (c) অ্যাম্পিয়ার (d) ওহ্ম
 2. তাপমাত্রা ও পরিবাহীর প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল অপরিবর্তিত থাকলে পরিবাহীর দৈর্ঘ্যের বৃদ্ধি করলে রোধের কী পরিবর্তন হবে।
(a) বৃদ্ধি পাবে (b) হ্রাস পাবে
(c) অপরিবর্তিত থাকবে (d) প্রথমে বৃদ্ধি পাবে পরে হ্রাস পাবে
 3. একটি দণ্ড চুম্বকের বাইরে বলরেখা -
(a) চুম্বকটির দক্ষিণ মেরু থেকে শুরু হয়ে উত্তর মেরুতে শেষ হয়।
(b) চুম্বকটির উত্তর মেরু থেকে শুরু হয়ে দক্ষিণ মেরুতে শেষ হয়।
(c) চুম্বকটির উত্তর মেরু থেকে শুরু হয়ে উত্তর মেরুতে শেষ হয়।
(d) চুম্বকটির দক্ষিণ মেরু থেকে শুরু হয়ে পূর্ব মেরুতে শেষ হয়।
 4. কোন বর্তনীতে তড়িৎপ্রবাহের উপস্থিতি সনাক্ত করা যায় যে যন্ত্রের সাহায্যে তার নাম -
(a) অ্যাম্পিটার (b) পোটেনসিয়োমিটার (c) গ্যালভানেমিটার (d) ভোল্টমিটার
- II. অতি সংক্ষিপ্ত উত্তর দাও :- 1x5
5. ওহ্মের সূত্রটি বিবৃত কর।
 6. এক কিলোওয়াট ঘন্টার সংজ্ঞা দাও।
 7. চৌম্বক আবেশ বলতে কি বুঝ ?
 8. ফ্লেমিং এর বামহস্ত নিয়মটি লিখ।
 9. একটি তড়িৎবাহী তারের নিকটে একটি চুম্বক শলাকা আনলে কী ঘটবে ?
- III. সংক্ষিপ্ত উত্তর দাও :- 2x2
10. 20Ω রোধের একটি ইলেকট্রিক ইন্ড্রির প্রবাহমাত্রা 5A. 30 sec. সময়ে কত তাপ উৎপন্ন হবে ?
অথবা
বৈদ্যুতিক টেস্টার ও বৈদ্যুতিক ইন্ড্রির কুণ্ডলীতে বিশুদ্ধ ধাতুর পরিবর্তে সংকর ধাতু ব্যবহার করা হয় কেন ?
 11. কোন সূত্রের সাহায্যে আবিষ্কৃত তড়িৎপ্রবাহের অভিমুখ পাওয়া যায়। সূত্রটি বিবৃত করো।

=====